

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১০৫৯

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২২. ইমাম হওয়ার যোগ্য লোক

بَابُ : مَنْ أَحَقُّ بِالْإِمَامَةِ

আরবী

حَدَّتَنَا عَلِيُّ بْنُ مُحَمَّدِ الْمِصْرِيُّ ، نَا أَبُو الزِّنْبَاعِ ، نَا يَحْيَى بْنُ بُكَيْرٍ ، نَا اللَّيْتُ ، عَنْ أَبِي بْنِ حَازِمٍ ، عَنِ الْأَعْمَشِ ، عَنْ إِسْمَاعِيلَ بْنِ رَجَاءٍ ، عَنْ أَوْسِ بْنِ ضَمْعَجٍ ، عَنْ أَبِي مَسْعُودٍ ، قَالَ : قَالَ رَسُولُ اللَّهِ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ : " يَوُمُّ الْقَوْمَ أَكْثَرُهُمْ قُرْآنًا ، فَإِنْ كَانُوا فِي الْهِجْرَةِ وَاحِدًا فَأَقْعَهُمْ فِقْهًا ، فَإِنْ كَانُوا فِي الْهِجْرَةِ وَاحِدًا فَأَقْقَهُهُمْ فِقْهًا ، فَإِنْ كَانَ الْفِقْهُ وَاحِدًا فَأَكْبَرُهُمْ سِنَّا

বাংলা

১০৫৯(২). আলী ইবনে মুহাম্মাদ আল-মিসরী (রহঃ) ... আবু মাসউদ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ লোকজনের মধ্যে যে ব্যক্তি কুরআনের জ্ঞানে অধিক অগ্রগামী সে তাদের ইমামতি করবে। যদি তারা কুরআনের জ্ঞানে সমান অগ্রগামী হয় তাহলে তাদের মধ্যে যে ব্যক্তি সর্বাগ্রে হিজরত করেছে। যদি এ ব্যাপারেও তারা সমান হয় তাহলে তাদের মধ্যে যে ব্যক্তি দীন ইসলামের বিষয়ে অধিক প্রজ্ঞাবান (ফকীহ)। প্রজ্ঞায় তারা সমকক্ষ হলে তাদের মধ্যে যে ব্যক্তি বয়সে প্রবীণ (সে তাদের ইমামতি করবে)।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবু মাসউদ আনসারী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন